মেহেরপুরে যুব মহিলা লীগের ২২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ যুব মহিলা লীগের ২২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

জেলা যুব মহিলা লীগ আয়োজনে শনিবার (৬ জুলাই ) দুপুরে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে এ আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

জেলা যুব মহিলা লীগ সাধারণ সম্পাদক এডভোকেট রুতশোভা মন্ডলের সভাপতিত্বে এসময় সদর উপজেলা যুব মহিলা লীগ সভাপতি ও সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান লতিফুননেসা লতা, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগ সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন, পৌর যুব মহিলা লীগের সভাপতি ও ৭,৮,৯ নং ওয়ার্ডের কাউন্সিলর রোকসানা কামাল রুনুসহ জেলা যুব মহিলা লীগের অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।